# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারকনং বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৫০৯৮ তারিখ : ২২/০৬/২০১৪ খ্রি.

বিষয় :পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলাধীন সাফা ডিগ্রী কলেজে উচ্চমাধ্যমিক পর্যায়ে সমাজ কল্যাণ,গার্হস্থ্য অর্থনীতি এবং অর্থায়ন ও উৎপাদন এবং বিপনন বিষয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের নিমিত্তে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ

সূত্র : নংঃশিক্ষা/অধিশাঃ৯/অনুমতি-৪১/২০০৬/২৪৫ তারিখ : ০৪/০৩/২০১০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক সবিনয় জানানো যাচ্ছে যে,পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলাধীন সাফা ডিগ্রী কলেজে উচ্চমাধ্যমিক পর্যায়ে সমাজ কল্যাণ,গার্হস্থ্য অর্থনীতি এবং অর্থায়ন ও উৎপাদন এবং বিপনন বিষয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের নিমিত্তে মন্ত্রণালয়ের নির্দেশক্রমে কলেজটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত এবং মন্ত্রণালয়ের নির্ধারিত তথ্য ছক- ০১,০২ ও ০৩ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশসহ এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনার অনুগত

২২/৬/১৪

প্রফেসর মুঃ জিয়াউল হক # ৭০৩৮
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

১৯/৬/১৪

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টিআকর্ষণ :
উপ- সচিব (কলেজ-০৪)
শিক্ষামন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ছক-১

পরিদর্শন প্রতিবেদন

কলেজের নাম : সাফা ডিগ্রী কলেজ, ইআইআইএন : ১০২৪০০
ডাকঘর : সাফা বন্দর, উপজেলা:মঠবাড়ীয়া, জেলা :পিরোজপুর।
প্রতিষ্ঠার তারিখ : ২৫/০৫/১৯৯৪খ্রি.
কলেজ অনুমতির তারিখ : ১৪/১০/১৯৯৬খ্রি.
স্বীকৃতির তারিখ :১৫/১০/১৯৯৬খ্রি.
এমপিও ভুক্তির তারিখ :০১/০২/১৯৯৮

| ক্রঃ নং | পূরণীয় শর্ত সমূহ | | কলেজের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত। (নিকটতম কলেজটি অন্য উপজেলায় অবস্থিত হলেও তার নাম লিখতে হবে) |
|---|---|---|---|---|
| ১ | প্রস্তাবিত কলেজ থেকে নিকটতম কলেজের দুরত্ব | (পৌর ও শিল্প এলাকা) ২কিঃমিঃ<br>(মফস্বল এলাকা) ৬কিঃমিঃ | পূর্বে:মিরুখালী কলেজ-০৮কি.মি.<br>পশ্চিমে:এ,আর খান কলেজ-১২কি.মি.<br>উত্তরে:ভান্ডারিয়া সরকারি কলেজ-১৯কি.মি.<br>দক্ষিণে:মঠবাড়ীয়া সরকারি কলেজ-১৩কি.মি.<br>(উপজেলা প্রকৌশলী,এলজিইডি,মঠবাড়ীয়া, পিরোজপুর কর্তৃক প্রদত্ত দূরত্ব সনদ অনুযায়ী) | শর্ত পূরণকৃত |
| ২ | উপজেলায় অবস্থিত সকল কলেজের বৃত্তান্ত | ছক-০২ অনুযায়ী | ছক-০২ সংযুক্ত | শর্তপূরণকৃত |
| ৩ | প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা | প্রতি কলেজের জন্য ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) জনসংখ্যা | ৮৮,৮১৮(আটাশি হাজার আটশত আঠার)জন | শর্ত পূরণকৃত |
| ৪ | ন্যূনতম শিক্ষার্থীর সংখ্যা | (ক) সাধারণ শিক্ষা :সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠান ২০০ জন (শহর এলাকা)<br>১৫০ জন (মফস্বল এলাকা)<br>(খ) শুধু বালিকাদের প্রতিষ্ঠানে ১৫০ জন (শহর এলাকা)১২০ জন (মফস্বল এলাকা) | একাদশ শ্রেণি : ৩১৪ জন<br>দ্বাদশ শ্রেণি : ৩১৫ জন | শর্ত পূরণকৃত |
| ৫ | প্রস্তাবিত কলেজের বিষয় ভিত্তিক ছাত্রসংখ্যা | ছক-৩ অনুযায়ী | ছক-৩ সংযুক্ত | শর্ত পূরণকৃত |
| ৬ | পরীক্ষার্থীর সংখ্যা | কমপক্ষে-<br>(ক) সহশিক্ষা :৯৪ জন (শহর)<br>৭৫ জন(মফস্বল)<br>(খ) বালিকা : ৭৫ জন (শহর)<br>৫৭ জন (মফস্বল)<br>বা মোট ছাত্রের ৭৫% (যেটাবেশী) | ২০১৩ সালের পরীক্ষার্থী সংখ্যা ৩৪৭ জন<br>২০১৪ সালের পরীক্ষার্থী সংখ্যা ৩৫৬ জন | শর্ত পূরণকৃত |
| ৭ | পাসকৃত সংখ্যা ও পাসের হার | কমপক্ষে-<br>(ক) সহশিক্ষা :৪৭ জন (শহর)<br>৩৭ জন(মফস্বল)<br>(খ) বালিকা : ৩৭ জন (শহর)<br>২৮ জন (মফস্বল)<br>বা মোট ছাত্রের ৫০% (যেটাবেশী) | ২০১৩ সালে পাসকৃত সংখ্যা- ২০৫ জন এবং পাসের হার- ৫৯.০৮% | শর্ত পূরণকৃত |
| ৮ | নিজস্ব জমির পরিমাণ | ০.৫০একর (মেট্রো এলাকা),০.৭৫একর (পৌর এলাকা),১.০০একর (মফস্বল এলাকা) | মোট জমির পরিমাণ: ৪.৪৫একর (চার একর পয়তাল্লিশ শতাংশ) | শর্ত পূরণকৃত |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | কলেজ ভবন/অবকাঠামো | ছাত্র প্রতি ১বর্গমিটার ন্যূনতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধা পাকা/ টিনসেড ভবন | পাকা : ৪২৯ বর্গ মিটার<br>আধা পাকা : ২০০ বর্গ মিটার<br>নির্মাণাধীন দ্বিতলা ভবন ১টি | শর্ত পূরণকৃত |
| ১০ | শিক্ষক কর্মচারীর সংখ্যা | অনুমোদিত স্টাফিং প্যার্টাণ অনুযায়ী যোগ্যতাসম্পন্ন | অধ্যক্ষ : ০১ জন<br>শিক্ষক : ২৯ জন<br>কর্মচারি : ১২ জন | শর্ত পূরণকৃত |

| ক্রঃ নং | পূরণীয় শর্ত সমূহ | | কলেজের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত। (নিকটতম কলেজটি অন্য উপজেলায় অবস্থিত হলেও তার নাম লিখতে হবে) |
|---|---|---|---|---|
| ১১ | লাইব্রেরী | ২০০০বই স্বতন্ত্র লাইব্রেরী থাকতে হবে এবং পাঠ্য সহায়ক বই থাকতে হবে | লাইব্রেরীর বই সংখ্যা-৩০০০ খানা | শর্ত পূরণকৃত |
| ১২ | সংরক্ষিত তহবিল /সাধারণ তহবিল | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা<br>৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা | সংরক্ষিত তহবিল :১,০০,০০০ (এক লক্ষ)<br>সাধারণ তহবিল : ৬৬,০০০ (ছিষট্টি হাজার)<br>কৃষি ব্যাংক,ধানীসাফা শাখা,মঠবাড়ীয়া | শর্ত পূরণকৃত |
| ১৩ | ব্যক্তিনামে নামকরণ | ১৫,০০,০০০(পনের লক্ষ) টাকা | প্রযোজ্য নহে। | প্রযোজ্য নহে। |
| ১৪ | পাঠ্যক্রম | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড অনুমোদিতএবং সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করা হচ্ছে। | শর্তপূরণ কৃত |
| ১৫ | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষ রোপন, স্কাউটিং/গার্লসগাইড, পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে। | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষ রোপন, স্কাউটিং/ গার্লসগাইড, পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়। | শর্তপূরণ কৃত |
| ১৬ | শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা ব্যবস্থাপনা | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত প্রবিধিমালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে (বেসরকারি কলেজ গভর্ণিং বডি/ রেগুলেশন ১৯৭৭ অনুযায়ী) | ১৪(চৌদ্দ) সদস্য বিশিষ্ট গভর্ণিং বডি রয়েছে | শর্তপূরণ কৃত |
| ১৭ | স্বীকৃতি/ রেজিস্ট্রেশন ফিস | প্রাথমিক অনুমতি-<br>২,০০০/- টাকা (দুই হাজার) | বিধি মোতাবেক :২০০০/-টাকা পে-অর্ডার এর মাধ্যমে জমা দিয়েছে | শর্তপূরণ কৃত |

পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলাধীন সাফা ডিগ্রী কলেজে উচ্চমাধ্যমিক পর্যায়ে সমাজ কল্যাণ,গার্হস্থ্য অর্থনীতি ও অর্থায়ন ও উৎপাদন এবং বিপনন বিষয় খোলার অনুমতি প্রদানের নিমিত্তে শিক্ষা মন্ত্রণালয়ের ০৪/০৩/২০১০ তারিখের শিক্ষা/অধিশাঃ ৯/অনুমতি-৪১/২০০৬/২৪৫ নং নির্দেশ মোতাবেক কলেজটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। বিষয় তিনটির মধ্যে অর্থায়ণ ও উৎপাদন এবং বিপনন বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০৬/২০১৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৭.০০৪.১১-৬০৩ নং নির্দেশে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন পরিমার্জিত শিরোনামে ব্যবসায় শিক্ষা শাখায় আবশ্যিক বিষয় হিসেবে নির্ধারন করা হয়েছে। তাছাড়া ছাত্রীর সংখ্যা কম থাকায় গার্হস্থ্য অর্থনীতি বিষয়ের প্রয়োজনীয়তা নেই। কলেজটির ০৮.০০ কিঃ মিঃ এর মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ে সমাজ কল্যাণ শিক্ষার জন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। কলেজটি যেখানে স্থাপিত সেখানকার অধিকাংশ মানুষ গরীব শ্রমজীবি ও কৃষিজীবি যারা মাঠে কৃষি কাজ করে এবং রিক্সা চালিয়ে জীবিকা নির্বাহ করে। কলেজটিতে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে সমাজ কল্যাণ বিষয়টির বিশেষ অনুমতি প্রদান করায় ৩৫ জন শিক্ষার্থী উক্ত বিষয়ে পাঠদান গ্রহণ করছে। বিষয়টি চালু না থাকায় অধ্যায়নরত শিক্ষার্থীদের প্রবল ইচ্ছা থাকা স্বত্বেও গরীব বিধায় দূরবর্তী কলেজে গিয়ে অধ্যায়ন করতে পারছে না। ফলে বাধ্য হয়ে অত্র কলেজে সমাজ বিজ্ঞান বিষয়ে অধ্যায়ন করছে। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে সমাজ বিজ্ঞান বিষয়ে ১১০ জন শিক্ষার্থী অধ্যায়ন করছে। শিক্ষার্থীদের সুবিধার্থে সমাজ কল্যাণ বিষয়টি খোলার প্রয়োজন রয়েছে বলে নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হয়েছে। তাই গরীব শ্রমজীবি ও কৃষিজীবি মানুষের স্বার্থে সাফা ডিগ্রী কলেজে সমাজ কল্যাণ বিষয়টির প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের জন্য সুপারিশ করা হল।

প্রতিস্বাক্ষর

22.05.2014

ড.মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

০৬/১৪

মোঃ এ.কে.আজাদ ফারুক
সহকারী কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৪/ ৮৪৯৬ তারিখ: ২৪/১১/১৪

সূত্র : নং ঃ ৩৭.০০.০০০০.০৭০.০২.০০৬.২০১৪/৩৩০ তারিখ ১৬/১০/২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার আমান উল্লাহ মহাবিদ্যালয়ে কৃষি শিক্ষা বিষয় উচ্চমাধ্যমিক শ্রেণিতে পাঠ্যসূচিভুক্ত করা যায় কিনা এ কারণে কলেজটি পরিদর্শন করা হয়েছে। বর্তমান আর্থসামাজিক প্রেক্ষিত এবং এনসিটিবি কর্তৃক প্রবর্তিত নতুন বিষয়সূচির সাথে সমন্বয় করার জন্য কৃষি শিক্ষা বিষয়টি এই কলেজের উচ্চমাধ্যমিক শ্রেণিতে পাঠ্যসূচিভুক্ত করা প্রয়োজন। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত এবং মন্ত্রণালয়ের নির্ধারিত তথ্য ছক- ০১, ০২ও ০৩ এতদসংগে সুপারিশসহ প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত

২৩.১১.১৪

প্রফেসর মু.জিয়াউল হক ( ৭০৩৮)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
মোবাইল : ০১৭১১৫৪৬৯৫৩
ই-মেইল: chairmanbboard@ gmail.com

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব (কলেজ-৪)
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সংযুক্ত: ছক-০১, ০২ দূরত্ব ও জনসংখ্যা সনদের ছায়ালিপি

(ছক-১)

পরিদর্শন প্রতিবেদন

কলেজের নাম ঃ আমানউল্লাহ মহাবিদ্যালয়, ভান্ডারিয়া

ডাকঘরঃ রাধানগর, উপজেলাঃ ভান্ডারিয়া, জেলাঃ পিরোজপুর ।

কলেজ অনুমতির তারিখঃ ১৫/০৭/১৯৯৯ খ্রিঃ

কলেজ এমপিওভুক্তির তারিখ ঃ ০১/০৫/২০০৪ খ্রিঃ

ই আই আই এনঃ ১০২৬৮২

| ক্রমিক নং | পূরণীয় শর্তসমূহ | | কলেজের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত । (নিকটতম কলেজটি অন্য উপজেলায় অবস্থিত হলেও তার নাম লিখতে হবে) |
|---|---|---|---|---|
| ১ | প্রস্তাবিত কলেজ থেকে নিকটতম কলেজের দূরত্ব | মফস্বল এলাকা ০৬ কিঃ মিঃ | ক) উত্তরে রাজাপুর ডিগ্রী কলেজ ১৫ কিঃমিঃ<br>খ) দক্ষিণে তোফাজ্জেল হোসেন মানিক মিয়া কলেজঃ ১৪ কিঃমিঃ<br>গ) পূর্বে তোফাজ্জেল হোসেন মানিক মিয়া ডিগ্রী কলেজঃ ০৮ কিঃমিঃ | শুধুমাত্র নতুন বিষয় খোলার প্রেক্ষিতে শর্ত পূরণকৃত |
| ২ | উপজেলায় অবস্থিত সকল কলেজের বৃত্তান্ত | ছক অনুযায়ী | সংযুক্ত | শর্তপূরণকৃত |
| ৩ | প্রতিষ্ঠা এলাকার ন্যুনতম জনসংখ্যা | প্রতি কলেজের জন্য ৭৫০০০ (পঁচাত্তর হাজার) জনসংখ্যা | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ভান্ডারিয়া প্রদত্ত তথ্য অনুযায়ী আমানউল্লাহ মহাবিদ্যালয় ক্যাসমেন্ট এলাকার জনসংখ্যা = ১,৪৮,১৫৯ জন<br>পুরুষ ঃ ৭২,৩০৮ জন<br>মহিলাঃ ৭৫,৮৫১ জন | শর্ত পূরণকৃত |
| ৪ | ন্যুনতম শিক্ষার্থীর সংখ্যা | ক)সাধারণ শিক্ষাঃ সহঃ শিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠানে ২৫০ জন ( শহর এলাকার) ২০০ জন (মফস্বল এলাকা)<br>খ) শুধু বালিকাদের জন্য ২০০ জন(শহর এলাকা) ১৫০ জন (মফস্বল এলাকা) | ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা ঃ ৩৩৬ জন<br>২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা ঃ ২৪৫ জন<br>২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা ঃ ২৮৯ জন | শর্ত পূরণকৃত |
| ৫ | প্রস্তাবিত কলেজে বিষয়ভিত্তিক ছাত্র- ছাত্রীর সংখ্যা | ছক ঃ ৩ অনুযায়ী | ছক ঃ ৩ সংযুক্ত | শর্ত পূরণকৃত |
| ৬ | পরীক্ষার্থীর সংখ্যা | কমপক্ষেঃ<br>ক)সহ শিক্ষাঃ ৯৪ জন (শহর) ৭৫ জন (মফস্বল)<br>খ)বালিকাঃ ৭৫ জন (শহর) ৫৭ জন (মফস্বল)<br>মোট ছাত্রের ৭৫% কোঠা বেশী | ২০১৩ সালের পরিক্ষার্থীর সংখ্যা = ২৯৭ জন<br>২০১৪ সালের পরিক্ষার্থীর সংখ্যা = ৩১৭ জন | শর্ত পূরণকৃত |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | পাশকৃত সংখ্যা ও পাশের হার | কমপক্ষেঃ<br>ক)সহ শিক্ষাঃ ৪৭ জন (শহর)<br>৩৭ জন (মফস্বল)<br>খ)বালিকাঃ ৩৭ জন (শহর)<br>২৮ জন (মফস্বল)<br>মোট পরীক্ষার্থীর ৫০% যেটি বেশী । | ২০১৩ সালের এইচ.এস.সি পরীক্ষায় পাশের সংখ্যা ঃ<br>২৪৩ জন<br>পাশের হার ঃ ৮২.০৩%<br>২০১৪ সালের এইচ.এস.সি পরীক্ষায় পাশের সংখ্যা ঃ<br>২৩৮ জন<br>পাশের হার ঃ ৭৫.০৮% | শর্ত পূরণকৃত |
| ৮ | নিজস্ব জমির পরিমান | ২.৫০ একর (মফস্বল এলাকা) | কলেজের নামে রেজিস্ট্রিকৃত দলিল অনুযায়ী | শর্ত পূরণকৃত |

| ক্রমিক নং | পূরণীয় শর্তসমূহ | | কলেজের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত । (নিকটতম কলেজটি অন্য উপজেলায় অবস্থিত হলেও তার নাম লিখতে হবে) |
|---|---|---|---|---|
| ০৯ | কলেজ ভবন/ অবকাঠামো | শিক্ষার্থী প্রতি ১ বর্গমিটার ন্যূনতম প্রয়োজন অনুযায়ী পাকা আধাপাকা টিনসেড ভবন | ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় অবকাঠামো নির্মান করা হয়েছে । | শর্ত পূরণকৃত |
| ১০ | শিক্ষক- কর্মচারীর সংখ্যা | | অধ্যক্ষঃ ০১ জন<br>সহকারী অধ্যাপকঃ ০৫ জন<br>প্রভাষকঃ ১৯ জন<br>লাইব্রেরীয়ানঃ ০১ জন<br>কর্মচারী ঃ ০৬ জন, ৩য় শ্রেণীঃ ০২ জন ৪র্থ শ্রেণীঃ ০৪ জন এছাড়াও নন এমপিওভুক্ত- ০৪ জন | শর্ত পূরণকৃত |
| ১১ | লাইব্রেরী | ২০০০ বই এর স্বতন্ত্র লাইব্রেরী থাকতে হবে এবং পাঠ্য সহায়ক বই থাকতে হবে । | সহায়ক বইসহ কলেজ লাইব্রেরীতে মোট ৫৪৪৭ খানা বই আছে । | শর্ত পূরণকৃত |
| ১২ | সংরক্ষিত তহবিল<br>সাধারণ তহবিল | | সংরক্ষিত ঃ ২ লক্ষ টাকা<br>সাধারণঃ ১১,৭৮,২৮৪/= | শর্ত পূরণকৃত |
| ১৩ | ব্যক্তিনামে নামকরণ | | শর্তানুসারে ১৫০,০০০০০/(পনেরোলক্ষ টাকা) কলেজের হিসাবে এককালীন জমা দেয়া আছে। | শর্ত পূরণকৃত |
| ১৪ | পাঠ্যক্রম | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুমোদিত এবং সরকারী নির্দেশনানুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুমোদিত এবং সরকারী নির্দেশনানুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করা হয় । | শর্ত পূরণকৃত |
| ১৫ | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম | বার্ষিক ক্রীড়া,খেলাধুলা সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান,বৃক্ষ রোপণ,স্কাউটিং/গার্লস গাইড,পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে । | বার্ষিক ক্রীড়া,খেলাধুলা সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান,বৃক্ষ রোপণ,স্কাউটিং পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয় । | শর্ত পূরণকৃত |
| ১৬ | শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা ব্যবস্থাপনা | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত প্রবিধিমালা আনুযায়ী | গভর্নিং বডি দ্বারা কলেজটি পরিচালিত হয় । | শর্ত পূরণকৃত |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | স্বীকৃতি / রেজিস্ট্রেশন ফিস | ক) প্রাথমিক অনুমতি<br>খ) অস্থায়ী অনুমতি<br>গ) স্থায়ী স্বীকৃতি | অস্থায়ী স্বীকৃতি প্রাপ্ত | শর্ত পূরণকৃত |

মন্তব্য ঃ ভান্ডারিয়া-কাঠালিয়া মহাসড়কের পাশে সুন্দর মনোরম পরিবেশে আমানউল্লাহ মহাবিদ্যালয় অবস্থিত। কলেজটিতে দুইটি বড় আকারের গ্যালারি সম্বলিত তিন তলা সুউচ্চ পাকা ভবন আছে, যার দৈর্ঘ্য প্রায় ২২০ ফুট। এই ভবনে ১৫টি শ্রেণীকক্ষ আছে। শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য প্রায় ৪০০টি বেঞ্চ আছে । কলেজ লাইব্রেরীতে সংরক্ষিত আছে ৫৪৪৭ টি বই। ভর্তির মৌসুমে এই কলেজে ব্যবসায় শিক্ষা,মানবিক ও বিজ্ঞান শাখায় ভর্তির জন্য বিশেষ চাপ থাকায় নতুন বিষয় কাঠামোর সাথে সমন্বয় করার লক্ষ্যে কৃষি শিক্ষা বিষয়ে পাঠদানের অনুমতি প্রয়োজন । কলেজটির অবকাঠামোগত কোন সমস্যা নেই এবং প্রয়োজনীয় সংখ্যক সুদক্ষ শিক্ষক থাকায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে উল্লিখিত বিষয়ে পাঠদানের কোন সমস্যা হবেনা বলে পরিদর্শন কর্মকর্তার কাছে প্রতীয়মান হয়েছে।

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল।